

আপনিও
হাসি ফোটাতে পারেন
একজন দুঃস্থ
অসহায় রোগীর মুখে...

# রোগীকল্যাণ বার্তা

দ্বিতীয় বর্ষ দ্বিতীয় সংখ্যা, এপ্রিল ২০২১। রোগীকল্যাণ সমিতি, হাসপাতাল সমাজ সেবা কার্যালয়, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল | www.rksbd.com



## শুভেচ্ছাবাণী

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সমাজসেবা অধিদফতরের অধীনে পরিচালিত রোগীকল্যাণ সমিতি ১৯৬২ সাল হতে আর্ত পীড়িত মানুষের সেবা দিয়ে আসছে। একাধিকবার জাতীয় সমাজসেবা দিবসে শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্ত এ সমিতি এ পর্যন্ত তিন লক্ষেরও অধিক রোগীকে সেবা দিয়েছে। সমিতির বহুবিধ কার্যক্রম সকলের মাঝে প্রকাশের মহৎ উদ্দেশ্যে রোগীকল্যাণ বার্তা নামে নিউজ লেটারের ২য় সংখ্যা প্রকাশের যে উদ্যোগ নেয়া হয়েছে তাতে সকলের সহযোগিতা কামনা করছি। রোগীকল্যাণ বার্তা প্রকাশনার লক্ষ্যে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সবাইকে রোগীকল্যাণ সমিতির পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। এ সাথে কৃতজ্ঞতা জানাচ্ছি এ সংখ্যাটি প্রকাশের জন্য আর্থিক সহায়তা প্রদানকারী প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন কর্তৃপক্ষকে।

**ব্রিগেডিয়ার জেনারেল এস.এম হুমায়ুন কবীর**
*এমফিল, এমপিএইচ*
সভাপতি
রোগীকল্যাণ সমিতি
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম

## করোনা যুদ্ধে রোগীকল্যাণ সমিতি

## চমেক হাসপাতালে কোটি টাকারও বেশি মূল্যের সুরক্ষা সামগ্রী ও যন্ত্রপাতি প্রদান



বিশ্বব্যাপী মহামারী করোনা দুর্যোগে নাকাল বিশ্ববাসী। এর ঢেউ বাংলাদেশেও লেগেছে সমানে। আকস্মিক এ দুর্যোগে জনজীবন থমকে যায়। দিনে দিনে বাড়ছে কোভিড-১৯ ধনাত্মক রোগীর সংখ্যা। সাথে বাড়ছে আক্রান্ত রোগীদের বিভিন্ন জটিলতা। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে করোনা রোগীদের জন্য আলাদা ইউনিটের ব্যবস্থা করে চলছিল রোগীদের চিকিৎসা সেবা। কিন্তু রোগীর সংখ্যা এত বৃদ্ধি পেয়েছে যে, হাসপাতালের মেঝেতেও স্থান সংকুলান হচ্ছেনা। একটি অক্সিজেন পোর্ট থেকে একাধিক পোর্ট বের করে একাধিক রোগীকে অক্সিজেন দেয়ার চেষ্টা চালাচ্ছেন চিকিৎসকবৃন্দ। দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে আক্রান্ত রোগী ও মৃত্যুর মিছিল। করোনা রোগীদের সেবা দিতে গিয়ে মৃত্যুর মিছিলে প্রতিনিয়ত যোগ হচ্ছে চিকিৎসক, নার্স ও অন্যান্য সেবাকর্মীর নাম। এমতাবস্থায় সরকারের পাশাপাশি সাধারণ মানুষ ও বিভিন্ন প্রতিষ্ঠান বাড়িয়ে দিয়েছে সহায়তার হাত। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক ও সেবাকর্মীদের পাশে দাঁড়িয়েছে রোগীকল্যাণ সমিতি। চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষা সামগ্রী (পিপিই) ক্রয়ের জন্য নিজস্ব তহবিল হতে নগদ অর্থ প্রদান করে সহায়তার যাত্রা শুরু করে রোগীকল্যাণ সমিতি। পরবর্তীতে পিএইচপি গ্রুপ, প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন, আলহাজ্ব মোহাম্মদ সফিক আহমদ, এ কে খান ফাউন্ডেশনসহ আরও অনেকের সহায়তায় রোগীকল্যাণ সমিতি চমেক হাসপাতাল ও সিভিল সার্জন কার্যালয়ে সুরক্ষা সামগ্রী ও সুরক্ষা সামগ্রী ক্রয়ের জন্য নগদ অর্থ প্রদান করে। ৩য় পৃষ্ঠায়

## রোগীকল্যাণ সমিতির কার্যক্রম পরিদর্শন করলেন সমাজসেবা অধিদফতরের পরিচালক (কার্যক্রম)



*রোগীকল্যাণ সমিতির সহায়তা প্রাপ্ত একজন রোগীর সাথে আলাপ করছেন পরিচালক (কার্যক্রম) ও যুগ্মসচিব ম. আবদুল্লাহ আল মামুন*

সমাজসেবা অধিদফতরের পরিচালক (কার্যক্রম) ও সরকারের যুগ্ম সচিব ম. আবদুল্লাহ আল মামুন ৭ ডিসেম্বর ২০১৯ সকালে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল সমাজসেবা কার্যালয় ও রোগীকল্যাণ সমিতির কার্যক্রম পরিদর্শন করেন। ৭ম পৃষ্ঠায়

**উপদেষ্টা মন্ডলী**

আলহাজ্ব সুফী মোহাম্মদ মিজানুর রহমান
প্রফেসর এল. এ কাদেরী
আলহাজ্ব গোলাম মোহাম্মদ
আলহাজ্ব মোহাম্মদ নেজাম উদ্দিন
আলহাজ্ব সফিক আহমদ (হাজী সফিক)

**কার্যকরী পরিষদ**

সভাপতি (পদাধিকার বলে)
ব্রিগেডিয়ার জেনারেল এমএম হুমায়ুন কবীর
এমফিল, এমপিএইচ
পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল

সহ-সভাপতি
উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম (পদাধিকার বলে)
আলহাজ্ব ডা: তৈয়ব সিকদার
আলহাজ্ব এম. এ. মোতালেব সিআইপি
আলহাজ্ব এস. এম . মোরশেদ হোসেন

সাধারণ সম্পাদক (পদাধিকার বলে)
অভিজিৎ সাহা
সমাজসেবা অফিসার

যুগ্ম সম্পাদক (পদাধিকার বলে)
তানজিনা আফরিন
সমাজসেবা অফিসার

অর্থ সম্পাদক
মোহাম্মদ জাহাঙ্গীর মোস্তফা

তথ্য, প্রকাশনা ও প্রচার সম্পাদক
আলহাজ্ব হাফেজ মোহাম্মদ আমান-উল্লাহ

সাংগঠনিক সম্পাদক
ডা: এম এ মান্নান

সমাজ কল্যাণ সম্পাদক
আলহাজ্ব বোরহানা কবির

পাঠাগার সম্পাদক
আলহাজ্ব জিয়াউদ্দিন খালেদ চৌধুরী

কার্যকরী সদস্য
আলহাজ্ব মুহাম্মদ আনোয়ারুল ইসলাম
আলহাজ্ব মাহমুদুল হাসান
আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকী
আলহাজ্ব মিনু আলম
আলহাজ্ব রোকেয়া জামান
আলহাজ্ব ডা: এম এ জাফর
আলহাজ্ব কামাল উদ্দিন আহম্মদ
আলহাজ্ব সাব্বির আহমদ
ডা: হাফসা ছালেহ
অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ
আলহাজ্ব মোহাম্মদ নজরুল ইসলাম
মোহাম্মদ আবছার উদ্দিন চৌধুরী
আলহাজ্ব মোহাম্মদ শাহজাহান


# সম্পাদকীয়

রোগীর সেবাকে ধর্মীয় দৃষ্টিকোণ হতে অত্যধিক গুরুত্ব দেয়া হয়েছে। আর্ত পীড়িত রোগীদের সেবার মহৎ উদ্দেশ্য নিয়ে সমাজসেবা অধিদফতরের হাসপাতাল সমাজসেবা কার্যক্রমটি পরিচালিত হচ্ছে । আর এ কার্যক্রমের অধীনে অন্যতম সহযোগী হিসেবে পরিচালিত হচ্ছে “রোগীকল্যাণ সমিতি”। ১৯৬২ সাল থেকেই হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের বিভিন্নভাবে সহায়তা করে যাচ্ছে এ সমিতি। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বার্ষিক অনুদান ছাড়াও স্থানীয় দানশীল ব্যক্তি ও প্রতিষ্ঠান সমুহের দান, অনুদান ও যাকাত হতে প্রাপ্ত আয় দিয়ে এ সমিতি হত দরিদ্র, অজ্ঞাতনামা এবং পরিত্যক্ত রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করে থাকে। তাছাড়া চিকিৎসকের পরামর্শ মোতাবেক বিভিন্ন রোগ নিরূপনী পরীক্ষা, এক্স রে, এম আর আই, সিটিস্ক্যান, হুইলচেয়ার, ক্র্যাচ, ওয়াকার, নেবুলাইজার মেশিন, শীতবস্ত্র সহ রোগীদের প্রয়োজন মোতাবেক অন্যান্য সহায়তা প্রদান করা হয়ে থাকে সমিতির মাধ্যমে। শুরু থেকে এপর্যন্ত তিন লক্ষেরও অধিক রোগীকে সেবা প্রদান করে সমগ্র দেশে এ সমিতি একটি অন্যান্য সমিতি হিসেবে নিজের স্থান করে নিয়েছে। এ সমিতি তার কার্যক্রমের স্বীকৃতি হিসেবে একাধিকবার জাতীয় সমাজসেবা দিবসে শ্রেষ্ঠ সমিতি হিসেবে পুরস্কৃত হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থা দৃষ্টির উদ্যোগে এ সমিতির মাধ্যমে পরিচালিত হচ্ছে একান্ত মানবীয় কার্যক্রম “মহিলা মূর্দা সেবা কার্যক্রম”। রোগীকল্যাণ সমিতির কার্যক্রম সমূহ সাধারণ্যে প্রকাশের উদ্দেশ্য নিয়ে রোগীকল্যাণ বার্তার ২য় সংখ্যাটি প্রকাশিত হয়েছে। এ প্রকাশনাটির জন্য সাহস ও প্রেরনা জুগিয়েছেন রোগীকল্যাণ সমিতির সভাপতি চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবির এমফিল এবং সমাজসেবা অধিদফতর চট্টগ্রামের উপপরিচালক জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম। আর অক্লান্ত পরিশ্রম করেছেন কার্যকরী পরিষদের অন্যতম সদস্য জনাব মাহমুদুল হাসান সহ অন্যান্য সদস্যবৃন্দ, সমাজসেবা অফিসার অভিজিৎ সাহা, সমিতির কর্মী রশিদ আহমদ এরশাদ ও নেজামুল হক চৌধুরী, আমি তাঁদের সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। তাছাড়া এ সংখ্যাটি প্রকাশের জন্য আর্থিক সহায়তা প্রদান করেছেন এদেশের স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠান প্যাসিফিক জিন্স এর অঙ্গ প্রতিষ্ঠান প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন কর্তৃপক্ষ। আমি প্যাসিফিক জিন্স কর্তৃকপক্ষকে রোগীকল্যাণ সমিতির পক্ষ থেকে জানাচ্ছি অসীম কৃতজ্ঞতা। এ প্রকাশনাটি অব্যাহত রাখতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

**হাফেজ মোহাম্মদ আমান উল্ল্যাহ**
তথ্য, প্রচার ও প্রকাশনা সম্পাদক
রোগীকল্যাণ সমিতি, চমেক হাসপাতাল।

## শুভেচ্ছাবাণী



সমাজের অসহায়, নিগৃহীত ও বিপন্ন মানুষের ঠিকানা সমাজসেবা অধিদফতর। এটি একটি বহুমুখী কর্মসূচী সমৃদ্ধ সরকারি দপ্তর। এ অধিদফতরাধীন পরিচালিত সেবা কর্মসমূহের মধ্যে ‘হাসপাতাল সমাজসেবা কার্যক্রম’ অন্যতম। Hospital Social Work পেশাদার সমাজকর্মের একটি অন্যতম প্রয়োগিক শাখা। যা স্থানীয়ভাবে রোগীকল্যাণ সমিতি গঠনপূর্বক সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে পরিচালিত হয়। রোগীকল্যাণে মহৎ সেবাকর্ম পরিচালনায় ‘চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতি’ এক অনন্য দৃষ্টান্ত। এ কার্যক্রমের অন্যতম লক্ষ্য হচ্ছে হাসপাতালে চিকিৎসারত অসহায় রোগীদের চিকিৎসা সংশ্লিষ্ট প্রতিবন্ধকতাসমূহ দূর করা।

হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের তত্ত্বাবধায়নে ‘রোগীকল্যাণ’ বার্তা প্রকাশ একটি অনন্য উদ্যোগ। এর মাধ্যমে রোগীকল্যাণ সেবা ও কার্যক্রম সর্ম্পকে সর্বমহলে প্রচার জোরদার হবে। এ প্রকাশনায় সংশ্লিষ্ট সকলদের অভিনন্দন জানাই।

**নুসরাত সুলতানা**
পরিচালক,
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম বিভাগ

## শুভেচ্ছাবাণী



সমাজসেবা অধিদফতরাধীন হাসপাতাল সমাজসেবা কার্যক্রম আর্ত মানবতার কল্যাণে নিবেদিত একটি অনন্য কার্যক্রম। মাঠ পর্যায়ে এই কার্যক্রম বাস্তবায়নে অন্যতম প্রাণশক্তি রোগীকল্যাণ সমিতি।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির অধীনে রোগীকল্যাণ বার্তার দ্বিতীয় সংস্করণ প্রকাশের সংবাদে আমি গর্বিত ও আনন্দিত। রোগীকল্যাণ বার্তার মাধ্যমে সুবিধা বঞ্চিত ও দরিদ্র রোগীদের সেবার অবারিত সুযোগ উন্মোচিত হবে এবং সমাজসেবা অধিদফতরের সুনাম চিকিৎসা জগতে আরো বৃদ্ধি পাবে এই প্রত্যাশা করছি।

**মোহাম্মদ শহীদুল ইসলাম**
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

## চমেক হাসপাতাল

# রোগীকল্যাণ সমিতির সভাপতির বরণ ও বিদায় অনুষ্ঠিত



নবাগত ও বিদায়ী সভাপতির সাথে রোগীকল্যাণ সমিতির সদস্যবৃন্দ

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির নবাগত সভাপতি ও চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর এর বরণ এবং সদ্য বিদায়ী সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ এর বিদায় সংবর্ধনা ১৫ মার্চ ২০২০ তারিখ চমেক হাসপাতালের সভাকক্ষে রোগীকল্যাণ সমিতির সহ সভাপতি ডাঃ তৈয়ব সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। হাফেজ মোহাম্মদ আমান উল্লাহর পবিত্র কোরআন তেলাওয়াত এবং সমিতির সাধারণ সম্পাদক ও সমাজসেবা অফিসার অভিজিৎ সাহার সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন রোগীকল্যাণ সমিতির অর্থ সম্পাদক মোহাম্মদ জাহাঙ্গীর মোস্তাফা, তথ্য, প্রকাশনা ও প্রচার সম্পাদক হাফেজ মোহাম্মদ আমানউল্লাহ, সাংগঠনিক সম্পাদক ডাঃ এম এ মান্নান, পাঠাগার সম্পাদক জিয়াউদ্দিন খালেদ চৌধুরী, কার্যকরী সদস্য মুজিবুল হক ছিদ্দিকী, মিনু আলম, কামাল উদ্দিন আহমেদ, অধ্যক্ষ ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, মোহাম্মদ আবছার উদ্দিন। বক্তাগণ রোগীকল্যাণ সমিতিকে গতিশীল করতে বিদায়ী সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ এর অবদান ও প্রচেষ্টার কথা স্মরণ করেন। তাঁর গতিশীল পরিচালনায় রোগীকল্যাণ সমিতি বিগত বছরসমূহে অত্র হাসপাতালে আগত দরিদ্র ও অসহায় রোগীদের সেবার মান উন্নত করতে সক্ষম হয়েছে। বিদায়ী সভাপতি তাঁর বক্তব্যে বলেন আর্তমানবতার সেবায় রোগীকল্যাণ সমিতি যেভাবে কাজ করে চলেছে তা অনুকরণীয়। আমি যেখানেই থাকিনা কেন এই সমিতির সাথে আমার আত্মার বন্ধন চির অটুট থাকবে। নবাগত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর বলেন রোগীকল্যাণ সমিতির সভাপতির দায়িত্ব পালনকালে পূর্বসূরী সভাপতিগণকে আপনারা যেভাবে সহযোগিতা করেছেন আমাকেও সেভাবে সহযোগিতা করবেন। আমাদের সবার সম্মিলিত প্রচেষ্টায় রোগীকল্যাণ সমিতি আর্ত মানবতার সেবায় একটি অনন্য প্রতিষ্ঠান হিসেবে আরও অনেক দূর এগিয়ে যাবে।

## কোভিড '১৯

১ম পৃষ্ঠার পর

করোনা আক্রান্ত রোগীদের তীব্র শ্বাসকষ্ট লাঘবের জন্য প্রয়োজন হাই ফ্লো নেজাল ক্যানুলা। চমেক হাসপাতালে এ যন্ত্রটির অপ্রতুলতা দেখে রোগীকল্যাণ সমিতি বিভিন্ন দাতার সহযোগিতায় ০৭ টি হাই ফ্লো নেজাল ক্যানুলা প্রদান করে। তন্মধ্যে মাসুদ এগ্রো ফুড প্রসেসিং লি. ২টি, বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন ১ টি, প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন ৩টি, বনফুল ও কিশোয়ান গ্রুপ ১টি হাই ফ্লো নেজাল ক্যানুলা প্রদান করেন। প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন, অলিম্পিক গ্রুপ ও আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকীর সহায়তায় ১০৫টি পেশেন্ট বেড প্রদান করা হয়েছে করোনা ইউনিটে। রোটারি ক্লাব অব চিটাগং মেরিন সিটির সহায়তায় একটি অক্সিজেন কনসেনট্রেটর মেশিন, তাহের ব্রাদার্স ও অন্যন্য দাতার আর্থিক সহায়তায় বেশকিছু অক্সিজেন সিলিন্ডার চমেক হাসপাতাল ও জেনারেল হাসপাতালে ২য় ইউনিট হলিক্রিসেন্ট হাসপাতালে প্রদান করা হয়েছে। রেজাউল করিম চৌধুরী (বর্তমান সিটি মেয়র) প্রতিষ্ঠিত ফিল্ড হসপিটালে অক্সিজেন সিলিন্ডার, ইসিজি মেশিনসহ বেশ কিছু সুরক্ষা সামগ্রী প্রদান করা হয় রোগীকল্যাণ সমিতির পক্ষ হতে। তাছাড়া করোন ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনার জন্য মেসার্স তাহের ব্রাদার্সের সৌজন্যে প্রাপ্ত ১৫ টি উন্নতমানের গার্বেজ বিন ও ১৫ টি বড় ড্রাম প্রদান করা হয়। হলিক্রিসেন্ট হাসপাতালে ৪ জন বেসরকারী সেবাকর্মী ও চমেক হাসপাতালের করোনা ইউনিটের ২ জন সেবকের বেতন প্রদান করেছে রোগীকল্যাণ সমিতি।

করোনা মোকাবেলায় রোগীকল্যাণ সমিতির আহ্বানে সাড়া দিয়ে যেসকল প্রতিষ্ঠান ও দাতা ব্যক্তি প্রায় এক কোটি টাকারও বেশি মূল্যের অতি জরুরী সুরক্ষা সামগ্রীসহ রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামাদি প্রদান করেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন রোগীকল্যাণ সমিতির সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর।

## সীতাকুন্ড উপজেলায়

# রোগীকল্যাণ সমিতির ফ্রি মেডিকেল ক্যাম্প





সীতাকুন্ড উপজেলার বাড়বকুন্ড উচ্চ-বিদ্যালয়ের প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পে পাঁচ শাতাধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করেন রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল। এতে চিকিৎসা সেবা প্রদান করে রোগীকল্যাণ সমিতির সহ-সভাপতি ও বিশিষ্ট্য দন্ত রোগ বিশেষজ্ঞ ডাঃ তৈয়ব সিকদার, ডাঃ রিয়াজ মোহাম্মদ আদহাম ডাঃ সাইকী, মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ সলিম উল্লাহ, ৭ম পৃষ্ঠায়

# চমেক হাসপাতালে
# ইএমজি মেশিন দিল রোগীকল্যাণ সমিতি



*ইএমজি মেশিন হস্তান্তর করছেন ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর*

নার্ভ ও মাসেলের রোগ নির্ণয়ের জন্য ব্যবহৃত আধুনিক যন্ত্র ইএমজি (ইলেক্ট্রো মায়োগ্রাম)। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে এ মেশিনটির চাহিদা ছিল ফিজিক্যাল মেডিসিন বিভাগের। এ মেশিনটির অভাবে রোগীদের চিকিৎসায় হিমসিম খেতে হয় চিকিৎসকদের। কষ্ট পান রোগীরাও। ফিজিক্যাল মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধানের অনুরোধে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতি স্বনামধন্য ব্যবসায়িক প্রতিষ্ঠান মেসার্স তাহের ব্রাদার্স লি. এর আর্থিক সহায়তায় তিন লক্ষ টাকা মূল্যমানের ইএমজি মেশিনটি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ফিজিক্যাল মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ মোহাম্মদ শওকত হোসেন এর নিকট হস্তান্তর করেন রোগীকল্যাণ সমিতির সভাপতি ও চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর। এসময় উপস্থিত ছিলেন সমাজসেবা অফিসার ও রোগীকল্যাণ সমিতির সাধারণ সম্পাদক অভিজিৎ সাহা। মেশিনটি গ্রহন করে অধ্যাপক মোঃ শওকত হোসেন বলেন ফিজিক্যাল মেডিসিন বিভাগে আগত নার্ভ ও মাসেল সংক্রান্ত রোগীরা এ মেশিনের মাধ্যমে চিকিৎসা সহায়তা পাবেন। তিনি রোগীকল্যাণ সমিতি ও মেসার্স তাহের ব্রাদার্সকে ধন্যবাদ জানান। ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর বলেন হতদরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তায় ১৯৬২ সাল থেকে রোগীকল্যাণ সমিতি কাজ করে যাচ্ছে। রোগীকল্যাণ সমিতি শুধু রোগীদের ঔষধ ও পথ্য সহায়তার মধ্যে তাদের কার্যক্রম সীমিত রাখেনি। রোগীদের চিকিৎসার প্রয়োজনে অত্র হাসপাতালে ও হাসপাতালের বাইরে অনেক কাজ করে চলেছে রোগীকল্যাণ সমিতি। করোনা মোকাবেলায় রোগীকল্যাণ সমিতির উদ্যোগ প্রসংশনীয়। হৃদরোগ বিভাগে ১৫ বেডের পূর্ণাঙ্গ সিসিইউ স্থাপনসহ অত্র হাসপাতালে বিভিন্ন বিভাগে প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রদান, ক্যান্সার বিভাগে একজন রেডিওথেরাপিস্ট এর দুই বছর ধরে বেতন প্রদান করে আসছে সমিতি। রোগীকল্যাণ সমিতির আর্থিক সীমাবদ্ধতা রয়েছে। সমিতির কার্যক্রমকে আরো বেগবান করতে ও হতদরিদ্র রোগীদের চিকিৎসায় সহায়তা প্রদানের লক্ষ্যে সমাজের বিত্তবানদের রোগীকল্যাণ সমিতির তহবিলে অনুদান প্রদান করার জন্য আহ্বান জানান।



*রোগীকল্যাণ সমিতি হাসপাতাল সমাজসেবা কার্যালয় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে কার্যক্রম পরিদর্শনে আসেন সমাজসেবা অধিদফতর চট্টগ্রামের বিভাগীয় পরিচালক জনাব নুসরাত সুলতানা এবং সহকারী পরিচালক জনাব শাহী নেওয়াজ।*

## চমেক হাসপাতাল রোগীকল্যাণ সমিতিকে
## প্রবাসী সমাজকর্মী ও বিভিন্ন সংগঠন কর্তৃক হুইল চেয়ার প্রদান

হত দরিদ্র রোগীদের ভরসার স্থল সমাজসেবা অধিদফতরাধীন রোগীকল্যাণ সমিতির কার্যক্রমে অনুপ্রাণিত হয়ে শারীরিক প্রতিবন্ধী রোগীদের বিতরণের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতির নিকট দু'টি হুইল চেয়ার প্রদান করেন যুক্তরাষ্ট্র প্রবাসী সমাজকর্মী মুন্নুজান হায়দার চৌধুরী। এছাড়াও চট্টগ্রাম কলেজ প্রাক্তন ছাত্র-ছাত্রী ব্যাচ ১৯৮৪ এইচএসসি পক্ষ হতে ৫টি হুইল চেয়ার, চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৯৯১ সালে এসএসসি পাশ করা শিক্ষার্থীদের একটি সেচ্ছাসেবী প্রতিষ্ঠান Club 91 হতে ১০ টি, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র চট্টগ্রাম থেকে ১৫টি, সিকদারপাড়া ওয়েলফেয়ার সোসাইটি হতে এবং সামাজিক সংগঠন অঙ্গীকার হতে বিভিন্ন সময় হুইল চেয়ার প্রদান করা হয়।






### অজ্ঞাত নামা রোগী ও পরিত্যাক্ত শিশুদের পূর্নবাসন সহায়তায় রোগীকল্যাণ সমিতি

রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হতে ২০১৯-২০২০ ইং সালে ৪৬ জন অজ্ঞাত নামা রোগী ও ১০ জন পরিত্যাক্ত শিশুকে চিকিৎসা সহায়তা ও পূনবার্সন করা হয়। এর মধ্যে ৭ জন শিশুকে (বেবী হোম) চট্টগ্রামে হস্তান্তর করা হয় এবং ১জন কে আদালতের মাধ্যমে আইনগতভাবে অভিভাবকের জিম্মায় প্রদান করা হয়। পাশাপাশি অজ্ঞতানামা রোগীদের ঔষধপত্র সহযোগিতা ও পরিবারের নিকট ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়।

## রোগীকল্যাণ সমিতির সহায়তায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চালু হল সিসিইউ-২ প্রতিদিন সেবা পাবে দ্বিগুণ রোগী



ক্রমবর্ধমান রোগীর চাপে হিমসিম খাচ্ছে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের হৃদরোগ বিভাগ। এ বিভাগের ১৬ শয্যার সিসিইউ (করোনারী কেয়ার ইউনিট) এর অবস্থা তো আর ও কাহিল। ১৬ শয্যার সিসিইউতে প্রতিদিন ভর্তি কমপক্ষে ৭০ জন রোগী। হৃদরোগে আক্রান্ত গুরুতর রোগীদের সিসিইউ সেবা দিতে হচ্ছে ভাগাভাগি করে। এহেন করুণ দশায় হৃদরোগ বিভাগ ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষের সাথে আলোচনা করে তাদের চাহিদা ও রোগীদের কষ্ট লাঘবে এগিয়ে আসে রোগীকল্যাণ সমিতি।

দেশের বিশিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠান মের্সাস তাহের ব্রাদার্স লিমিটেড এর আর্থিক সহায়তায় জুলাই/২০১৯ মাস হতে রোগীকল্যাণ সমিতি পোস্ট করোনারী কেয়ার ইউনিটটিকে ১৫ শয্যার পূর্ণাঙ্গ করোনারী কেয়ার ইউনিট (সিসিইউ) -২ হিসাবে গড়ে তোলার কাজ শুরু করে। পুরো ইউনিটটির পূর্তকাজের সংস্কার, অক্সিজেন সরবরাহ লেইন, বৈদ্যুতিক সংযোগ, টয়লেট প্রভৃতি সংস্কার, শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র, সুপেয় পানীয় ও জলের মেশিন এবং ১৫টি সিসিইউ বেড, ১৫ টি কার্ডিয়াক মনিটর স্থাপন ও পরীক্ষামুলক ভাবে চালুর পর গত ১৬ অক্টোবর-২০১৯ তারিখে তৎকালীন সিটি মেয়র ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির তৎকালীন সভাপতি আলহাজ্ব আ জ ম নাছির উদ্দিন আনুষ্ঠানিকভাবে এটি উদ্বোধন করেন। পূর্বের ১৬ টি সহ মোট ৩১ শয্যার সিসিইউ নিয়ে চমেক হাসপাতালে হৃদরোগ বিভাগ বাংলাদেশের ২য় বৃহত্তম সিসিইউ অধিকারীর হল বলে মন্তব্য করেন হৃদরোগ বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ প্রবীর কুমার দাশ।

এর আগে রোগীদের সঠিক তথ্য প্রাপ্তির সুবিধার্থে হৃদরোগ বিভাগে রোটারী ক্লাব অব চিটাগাং মেরিন সিটির সহায়তায় একটি হেল্প ডেস্ক স্থাপন করা হয়। এই হেল্পডেস্ক হতে প্রতিদিন শতাধিক রোগী ও রোগীর স্বজন তথ্য সহায়তা পাচ্ছেন।

## চমেক হাসপাতাল রোগীকল্যাণ সমিতিকে ইসিজি মেশিন প্রদান করল দেশ উন্নয়ন লি.

বাংলাদেশের অন্যতম ঠিকাদারী প্রতিষ্ঠান দেশ উন্নয়ন লিমিটেড কর্তৃপক্ষ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের জন্য রোগী কল্যাণ সমিতির নিকট দু'টি অত্যাধুনিক ইসিজি মেশিন প্রদান করেছেন। ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. সকালে সংস্থাটির সত্ত্বাধিকারী ও সমাজসেবক জসিম উদ্দিন চৌধুরী মন্টু চমেক হাসপাতালে রোগীকল্যাণ সমিতির সভাপতি ও হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর এমফিল এর নিকট ইসিজি মেশিন দু'টি হস্তান্তর করেন। তিনি করোনা পরিস্থিতিতে রোগীকল্যাণ সমিতির কার্যক্রম দেখে অনুপ্রাণিত হয়েছেন এবং রোগীকল্যাণ সমিতির সাথে আজীবন সম্পৃক্ত হয়ে থাকতে চান বলে জানান। সমিতির সভাপতি দেশ উন্নয়ন লিমিটেডকে মহৎ উদ্যোগটির জন্য ধন্যবাদ জানান।



*দেশ উন্নয়ন লিমিটেড এর পক্ষ হতে দু'টি ইসিজি মেশিন হস্তান্তর করছেন জসিম উদ্দিন চৌধুরী মন্টু।*

## পটিয়ায় মাইক্রোবাস সিলিন্ডার বিস্ফোরনে আহত অগ্নিদগ্ধ পাশে রোগীকল্যাণ সমিতি



চট্টগ্রাম জেলার পটিয়া থানার ফায়ার সার্ভিস স্টেশনের পাশে মাইক্রোবাসের সিলিন্ডার বিস্ফোরণে আহত অগ্নিদগ্ধ ১৬ জন রোগীদের ১২জন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে বার্ণ ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় থাকাকালীন সময়ে রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হতে তাদের চিকিৎসা সামগ্রী ও ঔষধ পত্র প্রদান করা হয় এবং তাদের নিয়মিত খোজঁখবর নেন রোগীকল্যাণ সমিতি।

আর্তমানবতার সেবায়
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী কল্যাণ সমিতি

# স্থির চিত্রে আরও কিছু কার্যক্রম



হৃদরোগ বিভাগে রোগীকল্যাণ সমিতির পরিচালনায় ও রোটারী ক্লাব অব চিটাগাং মেরিন সিটির সহায়তায় স্থাপিত হেল্প ডেস্ক-এর শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র আলহাজ্ব আ. জ. ম নাছির উদ্দিন।



দুঃস্থ অসহায় রোগীদের জন্য রোগীকল্যাণ সমিতির সভাপতি ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকের নিকট অনুদানের চেক হস্তান্তর করেন কিষোয়ান ও বনফুল গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব এম এ মোতালেব সিআইপি।




চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের স্বজনদের নিকট ঔষধপত্র হস্তান্তর করেন জেলা সমাজসেবা কর্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ওয়াহীদুল আলম।



রোগীকল্যাণ সমিতি কর্তৃক আয়োজিত ইফতার ও যাকাত শীর্ষক আলোচনা সভায় মোনাজাত পরিচালনা করছেন বায়তুশ শরফের পীর সাহেব মরহুম আল্লামা শাহ মোহাম্মদ কুতুব উদ্দিন।



চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন সার্জারী রোগীর জন্য তার স্ত্রীর নিকট কৃত্রিম অঙ্গ প্রদান করেন সমিতির যুগ্ম সম্পাদক ও সমাজসেবা অফিসার তানজিনা আফরিন।



দুঃস্থ অসহায় রোগীদের জন্য রোগীকল্যাণ সমিতিতে অনুদান প্রদান করেন চট্টগ্রাম জেলার সিভিল সার্জন ডা: ফজলে রাব্বী পান্না।



রোগীকল্যাণ সমিতি হতে সীতাকুন্ড নিবাসী সার্জারী রোগীর জন্য তার স্ত্রীর নিকট Anti Dcubitus Mattress প্রদান করেন রোগী কল্যাণ সহকারী রশিদ আহমদ এরশাদ।



রোগীক্যলাণ সমিতির কার্যকরী পরিষদের সদস্য আলহাজ্ব মিনু আলমের পক্ষ হতে রেডিও থেরাপী বিভাগে পেশেন্ট বেড প্রদান।

## মানবিক মেলায় রোগীকল্যাণ সমিতি



দৈনিক পূর্বকোণ আয়োজিত মানবিক মেলায় রোগীকল্যাণ সমিতি অংশগ্রহন করে। রোগীকল্যাণ সমিতির আজীবন সদস্যগণ স্টলে সমিতির বিভিন্ন কার্যক্রম প্রদর্শন করেন। মেলায় রোগীকল্যাণ সমিতি কার্যক্রম প্রদর্শন ছাড়া ও সমিতির তহবিল ও আজীবন সদস্য সংগ্রহ করা হয়। সমিতির স্টল পরিদর্শন করেন ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ, দৈনিক পূর্ব কোণের সম্পাদক জসিম উদ্দিন চৌধুরী, সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক শহীদুল ইসলাম সহ বিপুল সংখ্যক দর্শনার্থী ।

### অজ্ঞাতনামা রোগীদের পাশে রোগীকল্যাণ সমিতি



চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত অজ্ঞাতনামা রোগীদের পাশে আপনজনের ন্যায় সব সময় পাশে রয়েছে রোগীকল্যাণ সমিতি। ভর্তিরত ওয়ার্ডের চিকিৎসকের পরামর্শ মোতাবেক রোগীদের ঔষধপত্র, অপারেশনের ব্যয়, পোষাক,পথ্য প্রভৃতি সহায়তা করে যাচ্ছে রোগীকল্যাণ সমিতি। এছাড়া ও অজ্ঞাতনামা রোগীদের ছবি পত্রিকা ও সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রেরণ করে তাদের স্বজনদের খুজে বের করার চেষ্টা করে রোগীকল্যাণ সমিতি।

## মুর্দ্দা গোসল সেবা



রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের সহযোগিতায় ও দৃষ্টির মহিলা মুর্দ্দা গোসল সেবায় পরিচালনায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেন্দ্রীয় জামে মসজিদের পাশে অসহায় দরিদ্র ব্যক্তিদের জন্য মুর্দ্দা গোসল সেবা প্রদান করা হচ্ছে। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ১৫৬ জন নারী ও পুরুষকে সেবা প্রদান করা হয়েছে। চমেক হাসপাতাল কেন্দ্রীয় জামে মসজিদের পাশে একটি কক্ষে মুর্দ্দা গোসল সেবা প্রদানের উপযোগী করে গড়ে তোলা হয়েছে, কক্ষটিতে গরম পানি সরবরাহের জন্য একটি গিজার, ট্রে,শাওয়ার সহ অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। রোগীকল্যাণ সমিতি কর্তৃক পরিচালিত ব্যতিক্রমধর্মী সেবাটি ইতোমধ্যে সকলের আস্থা অর্জন করেছে। তাছাড়াও এ কেন্দ্র থেকে গোসল ও কাফন সামগ্রী দরিদ্র অসহায়দের জন্য বিনামূল্যে প্রদান করা হয়ে থাকে।

### রোগীকল্যাণ সমিতির কার্যক্রম পরিদর্শন

১ম পৃষ্ঠার পর

তিনি রোগীকল্যাণ সমিতি হতে সহায়তা প্রাপ্ত রোগীদের সাথে কথা বলেন এবং রোগীকল্যাণ সমিতির সহায়তায় ও তাহের ব্রাদার্স এর সৌজন্যে হাসপাতালের হৃদরোগ বিভাগে স্থাপিত করোনারি কেয়ার ইউনিট-২, রোগীকল্যাণ সমিতি পরিচালিত হেল্পডেস্কসহ বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। পরে রোগীকল্যাণ সমিতির কার্যকরী কমিটির সদস্য ও হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। তিনি হাসপাতাল সমাজসেবা কার্যালয় ও রোগীকল্যাণ সমিতির কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন এবং এধরনের উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে দরিদ্র রোগীদের সেবা ও সহায়তা জোরদার ও বেগবান করার জন্য আহ্বান জানান। এসময় উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোহাম্মদ শহীদুল ইসলাম, বিভাগীয় উপপরিচালক হাসান মাসুদ, সমাজসেবা অফিসার অভিজিৎ সাহা, তানজিনা আফরিন, রোগীকল্যাণ সমিতির সহসভাপতি ডাঃ তৈয়ব সিকদার, তথ্য প্রকাশনা ও প্রচার সম্পাদক হাফেজ মোহাম্মদ আমান উল্লাহ, পাঠাগার সম্পাদক জিয়াউদ্দিন খালেদ চৌধুরী, কার্যনির্বাহী সদস্য মাহামুদুল হাসান, মুজিবুল হক ছিদ্দিকী বাচ্চু প্রমুখ।

### সীতাকুন্ড উপজেলায়

৩য় পৃষ্ঠার পর

গাইনী রোগ বিশেষজ্ঞ ডাঃ মমতাজ, শিশু রোগ বিশেষজ্ঞ ডাঃ ধীমান দাশ, নাক কান গলা রোগ বিশেষজ্ঞ ডাঃ আদনান জাওয়াদ ও ডাঃ মোহাম্মদ মশিউর রহমান এবং রোগীদের পরামর্শ ও নির্দেশনামুলক সেবা প্রদান করেন সমিতির সাধারণ সম্পাদক ও সমাজসেবা অফিসার অভিজিৎ সাহা, রোগীকল্যাণ সমিতির পাঠাগার সম্পাদক আলহাজ্ব জিয়া উদ্দিন খালেদ চৌধুরী ও রশিদ আহমদ এরশাদ। সার্বিক সহযোগিতা প্রদান করেন প্যাসিফিক জিন্স ফাউন্ডেশনের কর্মাশিয়াল ম্যানেজার আবেদীন আল মামুন এবং উক্ত প্রতিষ্ঠানের কর্মীবৃন্দ। এছাড়া ও রোগীকল্যাণ সমিতি বিশেষজ্ঞ চিকিৎসক বৃন্দের মাধ্যমে সন্দ্বীপ ও রাউজান উপজেলায় নিয়মিতভাবে ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে থাকে।

## ক্যান্সার আক্রান্ত রোগীদের পাশে রোগীকল্যাণ সমিতি



আমির হোসেন বয়স ১৪ ফটিকছড়ি চট্টগ্রাম। সে ক্যান্সার Hodgkin's disease রোগে দীর্ঘ ৮বছর ধরে আক্রান্ত। এই দীর্ঘ সময় ধরে রোগীকল্যাণ সমিতি তাকে ঔষধপত্র প্রদান করে যাচ্ছে। হালিমা বেগম বয়স ৬০ পূর্ব কাথরিয়া, বাঁশখালী, চট্টগ্রাম। তিনি ক্যান্সার Malignant ovarian tumors (bilateral) দীর্ঘ ৩ বছর ধরে আক্রান্ত। এই দীর্ঘ সময় রোগীকল্যাণ সমিতি তাকে ঔষধ পত্র দিয়ে সহায়তা প্রদান করে যাচ্ছে। বর্তমানে তিনি সুস্থতার পথে। এভাবে দৈনিক গড়ে বহু ক্যান্সার আক্রান্ত রোগীকে রোগীকল্যাণ সমিতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রয়োজনীয় ঔষধ পত্র প্রদান করে যাচ্ছে।





শুধু প্রয়োজন একটু ত্যাগ স্বীকার
একটুখানি সহৃদয়তা

মানুষের প্রতি বিশ্বাস আর ভালোবাসাই
মানুষের সবচেয়ে বড় অবলম্বন

আপনার দান ও যাকাতের অর্থ প্রেরণ করতে পারেন

| তহবিলের নাম | হিসাব নং | ব্যাংকের নাম |
|---|---|---|
| রোগীকল্যাণ সমিতি (দান হিসাব) ঃ | হিসাব নং ঃ ২৭০৬৩৪০০০৪০৬/ ০২০০০০২৯৭৬৬৪২ | অগ্রণী ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| | হিসাব নং ঃ ১৪২২৩০১০০০০০০৪৪৫ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| রোগীকল্যাণ সমিতি (যাকাত হিসাব) ঃ | হিসাব নং ঃ ২৭০৬৩৪০৩২২৩৪/ ০২০০০০৩০৪৬০১৩ | অগ্রণী ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |
| | হিসাব নং ঃ ১৪২২৩০১০০০০০০১৪৮ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড মেডিকেল কলেজ শাখা, চট্টগ্রাম |

যোগাযোগ

সভাপতি : রোগীকল্যাণ সমিতি
মোবাইল : +৮৮০ ০১৭৬৯২৪৭৫৬৮
ফোন : +৮৮০ ৩১-৬৩০১৭৯

সাধারণ সম্পাদক : রোগীকল্যাণ সমিতি
ওয়ার্ড নং-৭, কক্ষ নং-২৪৯, চট্টগ্রাম মেডিকেল কলেজ, হাসপাতাল
মোবাইল : +৮৮০ ০১৭০৮৪১৪৬০৪, ফোন : ০৩১-৬১৬০৩৭,

রোগীকল্যাণ সমিতি
হাসপাতাল সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, বাংলাদেশ
www.rksbd.com




## সীতাকুন্ডের রোগীদের পাশে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য আগত সীতাকুন্ড বাসী রোগীদের রোগীকল্যাণ সমিতি হতে সার্বিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। উক্ত রোগীদের ঔষধ পত্র সহায়তায় আর্থিক অনুদান প্রদান করছে প্যাসিফিক জিন্স ফাউন্ডেশন। উল্লেখ্য উম্মে হাবিবা, বয়স-২২, গ্রাম-দক্ষিণ সোনাইছড়ি শীতলপুর সীতাকুন্ড, চট্টগ্রাম সে দূরারোগ্য ব্যাধি (GBS)-এ আক্রান্ত। তিনি দীর্ঘ দিন ধরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আই সি ইউ বেড-৫-এ চিকিৎসাধীন ছিলো, চিকিৎসা থাকাকালে রোগীকল্যাণ সমিতি হতে তাকে সার্বিক সহায়তা ও ঔষধ পত্র প্রদান করা হয়। এছাড়া ও আনোয়ারা বেগম, বয়স-৫৫, পূর্ব সৈয়দপুর, জাফর নগর সীতাকুন্ড, চট্টগ্রাম। তিনি দীর্ঘ ১০ বছর ধরে হৃদরোগে আক্রান্ত তাঁকে এ দীর্ঘ সময়ধরে রোগীকল্যাণ সমিতি হতে ঔষধ পত্রসহায়তা প্রদান করা হচ্ছে। এভাবে দৈনিক উল্লেখযোগ্য সংখ্যক সীতাকুন্ড হতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা গ্রহণকারী রোগীদের প্যাসিফিক জিন্স ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় রোগীকল্যাণ সমিতি হতে ঔষধপত্র প্রদান করা হচ্ছে।

উপদেষ্টা ঃ ব্রিগেডিয়ার জেনারেল এস.এম হুমায়ুন কবীর, এমফিল, এমপিএইচ, পরিচালক, চমেক হাসপাতাল। নুসরাত সুলতানা, বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর। মোহাম্মদ শহিদুল ইসলাম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম। ডা: তৈয়ব সিকদার, সহসভাপতি, রোগী কল্যাণ সমিতি। আলহাজ্ব বোরহানা কবির, আলহাজ্ব জিয়াউদ্দিন খালেদ চৌধুরী, আলহাজ্ব মুজিবুল হক ছিদ্দিকী, আলহাজ্ব মিনু আলম, কার্যকরী সদস্য, রোগী কল্যাণ সমিতি।
সম্পাদনা পরিষদ ঃ হাফেজ মোহাম্মদ আমান উল্লাহ, মাহমুদুল হাসান, অভিজিৎ সাহা, তানজিনা আফরিন, মোহাম্মদ নেজামুল হক চৌধুরী, রশিদ আহমদ এরশাদ।
প্রকাশক ঃ রোগীকল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যালয় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এর পক্ষে মাহমুদুল হাসান। প্রকাশক কর্তৃক স্বত্ত সংরক্ষিত।

পৃষ্ঠপোষকতায় :
PACIFIC JEANS FOUNDATION